# আজ শুরু হচ্ছে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন বসছে আজ বৃহস্পতিবার (১২ মার্চ) সকাল ১১টায়। সভাপতি পদ শূন্য রেখেই অধিবেশন শুরু হবে।

সংসদ নেতা ও প্রধানমন্ত্রী তারেক রহমান সভাপতির নাম প্রস্তাব করবেন, পরে তা অনুমোদিত হবে। সভাপতির নেতৃত্বেই স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন অনুষ্ঠিত হবে। সংসদের বিধি অনুযায়ী তাঁদের শপথবাক্য পাঠ করাবেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন।

অধিবেশনের শুরুতে প্রয়াত সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এবং সাম্প্রতিক আন্দোলন-সংগ্রামে নিহতদের স্মরণে শোক প্রস্তাব উত্থাপন করা হবে। এরপর আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান মোট ১৩৩টি অধ্যাদেশ সংসদে উপস্থাপন করবেন।

সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতি জাতীয় সংসদে ভাষণ দেবেন, আর সেই ভাষণের মাধ্যমেই দিনের অধিবেশন শেষ হবে। পরবর্তী অধিবেশন বসবে আগামী ১৫ মার্চ।

ত্রয়োদশ জাতীয় নির্বাচনে নিরঙ্কুশ বিজয়ের পর গত ১৭ ফেব্রুয়ারি বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে সরকার গঠন করে।

সংবিধানের বিধান অনুযায়ী গেজেট প্রকাশের ৩০ দিনের মধ্যে প্রথম অধিবেশন আয়োজন বাধ্যতামূলক। একই অধিবেশনে স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচনের প্রচলন রয়েছে।

LENS ASIA